

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 1st Semester Examination, 2023

LCC1-P1-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

The figures in the margin indicate full marks.

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

و×8 = ۶۶

- (ক) অভিযোগপত্রের যে-কোনো তিনটি অংশের নাম লেখো।
- (খ) বিজ্ঞাপনের প্রয়োজনীয়তা কী ?
- (গ) 'পাত্র পাত্রী' কলমে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি বিজ্ঞাপনের খসড়া তৈরি করো।
- (ঘ) প্রতিবেদনের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- (৬) একটি সাক্ষাৎকার গ্রহণের পূর্বপ্রস্তুতি সম্পর্কে অনধিক পাঁচটি বাক্য লেখো।
- (চ) কাব্যসৌন্দর্য বিচারে তিনটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করো।
- ২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

 $6\times8=58$

- (ক) তোমার মহাবিদ্যালয়ে 'স্বাধীনতা দিবস' উদ্যাপন উপলক্ষে ছাত্র/ছাত্রীদের পক্ষ থেকে একটি ভাষণের খসড়া প্রস্তুত করো।
- (খ) তোমার এলাকায় 'রক্তদান শিবির' উপলক্ষে স্থানীয় মহকুমা শাসককে আমন্ত্রণ জানিয়ে একটি পত্র রচনা করো।
- (গ) নিম্নোক্ত কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করোঃ

আমি যত দুরেই যাই

আমার সঙ্গে যায়

ঢেউয়ের মালা-গাঁথা

এক নদীর নাম

আমি যত দূরেই যাই।

আমার চোখের পাতায় লেগে থাকে

নিকোনো উঠোনে

সারি সারি

লক্ষ্মীর পা

আমি যত দূরেই যাই।

- (ঘ) বাড়ির বিশেষ একটি অনুষ্ঠানের জন্য তোমার মহাবিদ্যালয়ের অধ্যক্ষের কাছে একটি ছুটির আবেদন লেখো।
- (৬) ভাব-সম্প্রসারণ করোঃ

ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি।

UG/CBCS/B.A./Programme/1st Sem./Bengali/BENLCC1/2023

(চ) সারসংক্ষেপ লেখােঃ

আমি লাইব্রেরিকে স্কুল কলেজের ওপরে স্থান দিই এই কারণে যে, এ স্থলে লোকে স্বেচ্ছায় স্বচ্ছন্দচিত্তে স্বশিক্ষিত হবার সুযোগ পায়; প্রতিটি লোক তার স্বীয় শক্তি ও রুচি অনুসারে নিজের মনকে নিজের চেষ্টায় আত্মার রাজ্যে জ্ঞানের পথে এগিয়ে নিয়ে যেতে পারে। স্কুল-কলেজ বর্তমানে আমাদের যে অপকার করছে সে অপকারের প্রতিকারের জন্য শুধু নগরে নগরে নয়, গ্রামে গ্রামে লাইব্রেরির প্রতিষ্ঠা করা কর্তব্য। আমি পূর্বে বলেছি যে, লাইব্রেরি হাসপাতালের চাইতে কম উপকারী নয়, তার কারণ আমাদের শিক্ষার বর্তমান অবস্থায় লাইব্রেরি হচ্ছে একরকম মনের হাসপাতাল।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

 $52 \times 5 = 58$

- (ক) জীবনপঞ্জিসহ অভিজ্ঞতার কথা উল্লেখ করে যে-কোনো চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা করো।
- (খ) বর্তমানে যুব সমাজ বিভিন্ন রকম মানসিক সংকটগ্রস্ত —এই বিষয়ে একজন মনোরোগ বিশেষজ্ঞের সঙ্গে কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো।
- (গ) তোমার মহাবিদ্যালয় আয়োজিত শিক্ষামূলক ভ্রমণের একজন অংশগ্রহণকারী হিসেবে স্থানীয় সংবাদপত্রে প্রকাশোপযোগী একটি প্রতিবেদনের খসডা তৈরি করো।
- (ঘ) তোমার মহাবিদ্যালয়ের ছাত্রাবাসে ছাত্র হেনস্থার প্রতিবাদে অধ্যক্ষের নিকট একটি অভিযোগপত্র রচনা করো।

____×___

1116